



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তারিখ: ১৩/০৫/২০২৬খ্রি.

২০২১ সনের ডিগ্রী পাস ১ম, ২য় ও ৩য়বর্ষ অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

এতদ্বারা শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১২/০৫/২০২৬ তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী ২০২১ সনের ডিগ্রী পাস ১ম, ২য়, ও ৩য়বর্ষ পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত ফি ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ:

অনলাইনে ফরম পূরণ, পরীক্ষার ফি ও আবেদন ফরম কলেজ অফিসে জমা দেয়ার শেষ তারিখ: ০৮/০৬/২০২৬ খ্রি.

কলেজ কর্তৃক অনলাইনে ভেরিফাই : ১০/০৬/২০২৬ খ্রি.

পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা: ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১২/০৫/২০২৬ তারিখে

প্রকাশিত বিজ্ঞপ্তির শর্তাবলি প্রযোজ্য হবে।

**ডিগ্রী পাস ১ম, ২য়বর্ষ মানোন্নয়ন ও ৩য়বর্ষ অনিয়মিত/মানোন্নয়ন শিক্ষার্থীদের পরীক্ষার ফি:**

নং	বিবরণ	মোট ফি
০১	ডিগ্রী পাস ১মবর্ষ ১পত্রসহ মানোন্নয়ন	১৩৫০/-
০২	ডিগ্রী পাস ২য়বর্ষ ১পত্রসহ মানোন্নয়ন	১৩৫০/-
০৩	ডিগ্রী পাস ৩য়বর্ষ অনিয়মিত	২২০০/- (ব্যবহারিক থাকলে ১৫০/- যোগ হবে)
০৪	ডিগ্রী পাস ৩য়বর্ষ ১পত্রসহ মানোন্নয়ন	১৩৫০/-

মানোন্নয়ন পরীক্ষার্থীদের পরবর্তীতে প্রতি পূর্ণ পত্রের জন্য ১০০/- টাকা হারে যোগ করে ফি জমা দিতে হবে।  
যে সকল শিক্ষার্থীদের গার্হস্থ্য অর্থনীতি বা মনোবিজ্ঞান বিষয় রয়েছে তারা ব্যবহারিক পরীক্ষার ফি বাবদ ১৩০/- টাকা নির্ধারিত কেন্দ্রে জমা দিবে।  
২০১৩-১৪, ২০১৪-১৫ ও ২০১৫-১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ হওয়ায় সে সকল পরীক্ষার্থী =৫০০০/- টাকা জরিমানাসহ অন্যান্য ফি জমা দিয়ে অকৃতকার্য/ অনুপস্থিত পত্র/ পত্রসমূহে মানোন্নয়ন ফরম পূরণ করতে পারবে। (বিঃদ্র: উল্লিখিত শিক্ষাবর্ষ প্রতি বর্ষের মানোন্নয়ন ফরম পূরণের জন্য =৫০০০/- টাকা করে জরিমানা প্রযোজ্য হবে)

**১. ফরম পূরণের ফি জমা দেয়া:**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ওয়েবসাইট [www.7college.du.ac.bd](http://www.7college.du.ac.bd) থেকে ফরম পূরণের আবেদন ফরম ডাউনলোড করার পর “উপায়/বিকাশ/রকেট/এমক্যাশ/সেলফিন (Biller ID: Eden Mohila College)” এর মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ঢাবির রেজিস্ট্রেশন/ ভর্তির শ্রেণী রোল নম্বর ব্যবহার করে ফি পরিশোধ করতে হবে। ফি জমা দেয়ার সময়, কলেজের ফরম পূরণের নোটিশের অনুসারে মোবাইল ব্যাংকিং এ সঠিক ফি না দেখালে, ফি জমা না দিয়ে কলেজ অফিসে যোগাযোগ করতে হবে। ফি জমাদানের রশিদ, ঢাবির ফরম পূরণের আবেদন ফরম ও অন্যান্য কাগগপত্রসহ কলেজ অফিসের রেজিস্ট্রেশন শাখায় জমা দিতে হবে।

২। যে সকল শিক্ষার্থী অনিয়মিত/ মানোন্নয়ন ফরম পূরণ করবে তাদের ফরম পূরণের ফরম ডাউনলোড করার পর অনলাইনে ফি নির্ধারণের জন্য প্রশাসনিক ভবনের তৃতীয় তলা হিসাব শাখায় যোগাযোগ করতে হবে।

  
(অধ্যাপক শামিম আরা)

অধ্যক্ষ

ইডেন মহিলা কলেজ, ঢাকা।

**কার্যার্থে:**

- ১। উপাধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ২। প্রধান সহকারী, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৩। রেজিস্ট্রেশন শাখা, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৪। হিসাব রক্ষক, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৫। সংরক্ষণ নথি।